দৈনিক সংবাদ ৪৩৭
তারিখ ... 0.5 JUN 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

২২

চট্টগ্রাম ভার্সিটির উপাচার্যের প্রতি হুমকি

# পদত্যাগ না করলে হত্যা করা হবে

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৪ঠা জুন।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দীনকে এবার সপরিবারে হত্যার হুমকি দেয়া হয়েছে। গতকাল মঙ্গলবার বিশ্ব-বিদ্যালয়ে হরতাল পালনশেষে ইসলামী ছাত্র শিবির বলে দিয়েছে যে, তাদের দাবীসমূহ মেনে নিয়ে আগামী ৬ই জুন বৃহস্পতিবারের মধ্যে পদত্যাগ না করলে উপাচার্যকে এ হুমকির মধ্যে পড়তে হবে। আজ বেলা ১১টার দিকে ক্যাম্পাসে অবস্থানরত পুলিশের সামনে দিয়ে শিবির কর্মীরা সশস্ত্র মিছিল করে এবং পরে এক সমাবেশে এ ঘোষণা

চট্টগ্রাম ভার্সিটি ঃ পৃঃ ১০ কঃ ৮

চট্টগ্রাম ভার্সিটি ঃ উপাচার্যের প্রতি হুমকি

(১ম পাতার পর)

দেয়।

দক্ষিণাঞ্চলের সর্বোচ্চ বিদ্যাপীঠ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি এখন বিস্ফোরণোন্মুখ। স্রেফ পেশীশক্তি ও সন্ত্রাসের মাধ্যমে ছাত্র শিবিরের জঙ্গী নেতা-কর্মীরা পুরো বিশ্ববিদ্যালয়কে আজ এক সপ্তাহ হয় জিম্মি করে রেখেছে। প্রতিমুহূর্ত আতংক, উদ্বেগ আর উৎকন্ঠার মধ্যে কাটাচ্ছেন ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবকেরা। থমথম করছে সমগ্র বিশ্ববিদ্যালয়।

মূলত ভিসি-বিরোধী লাগাতার কর্মসূচী, ধর্মঘট ও হরতালের মধ্য দিয়ে সূচনা ঘটে বিশ্ববিদ্যালয়ের বর্তমান অচলাবস্থার। এসব আন্দো-লনের নেতৃত্বে রয়েছেন জামাতপন্থী গুটিকয় শিক্ষক এবং তাদের প্রত্যক্ষ বা পরোক্ষ মদদপুষ্ট সংগঠন ইসলামী ছাত্র শিবির, সংগ্রামী ছাত্র ঐক্য, সম্মিলিত ছাত্র ঐক্য পরিষদ ও আদর্শিক যুব পরিষদ।

চলতি মাসে বিভিন্ন শিক্ষাবর্ষের বেশ কিছু পরীক্ষা অনুষ্ঠিত হবার কথা। কিন্তু শিবিরের সন্ত্রাসের কারণে এসব পরীক্ষা আদৌ হতে পারবে কিনা, সে ব্যাপারে অনিশ্চয়তা দেখা দিয়েছে।